✪ اَلصَّلٰوةُ تَنْهٰى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ ঃ اَلصَّلٰوةُ মুবতাদা تَنْهٰى ফেলে মুজারে, هِىَ যমীরে মুসতাতির ফায়েল, عَنْ হরফে জার, الْفَحْشَاءِ মা'তূফ আলাইহী, وَ হরফে আতফ, الْمُنْكَرِ মা'তূফ, মা'তূফ আলাইহী এবং মা'তূফ মিলে মাজরুর, জার মাজরুর মিলে মুতাআল্লিক। ফেল ফায়েল এবং মুতাআল্লিক মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে খবর। মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) ضَرَبَ أَبِىْ أَخَاكَ (٢) رَأَيْتُ رَجُلَيْنِ قَائِمَيْنِ (٣) غَسَلْتُ ثَوْبِىْ بِالْيَدَيْنِ (٤) اِشْتَرَيْتُ هٰذَا الْكِتَابَ بِدِرْهَمَيْنِ (٥)أَعْطَيْتُ كِلَيْهِمَا رُبِيَّةً (٦) اَخْرِجُوا مِنَ الْبَيْتِ مَنْ كَانَ فَاسِقًا (٧) إِذَا اسْتَيْقَظْتَ مِنْ نَوْمِكَ فَاغْسِلْ يَدَكَ (٨) لَا تَغْمِسْ يَدَكَ فِى الْاِنَاءِ حَتّٰى تَغْسِلَهَا (٩) اُدْعُوْا رَبَّكُمْ لَيْلًا وَنَهَارًا (١٠) اَللّٰهُ مَعَكُمْ اَيْنَمَا كُنْتُمْ (١١) فَرَّمِنَ الْمَطَرِ وَقَامَ تَحْتَ الْمِيْزَابِ (١٢) لَمَّا فَتَحْتُ الْبَابَ دَخَلَ فِيْهِ (١٣) اَلْيَوْمَ نَرْجِعُ اِلٰى بُيُوْتِنَا (١٤) مَرَرْتُ بِبَيْتٍ قَدِيْمٍ .

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) আমার আব্বা তোমার ভাইকে প্রহার করেছে (২) আমি দুজন ব্যক্তিকে দাড়ানো অবস্থায় দেখেছি (৩) আমি দুই হাত দিয়ে আমার কাপড় ধুয়েছি (৪) আমি এই কিতাবটি দুই দিরহামের বিনিময়ে কিনেছি (৫) আমি দুজনকেই টাকা দিয়েছি (৬) যে ফাসেক তাকে তোমরা ঘর থেকে বের করে দাও (৭) যখন তুমি ঘুম থেকে উঠবে তখন তোমার হাত ধুয়ে নিবে (৮) পাত্রের ভিতর হাত দিওনা হাত ধোয়ার পূর্ব পর্যন্ত (৯) তোমরা দিবা নিশী স্বীয় প্রভুকে ডাক (১০) আল্লাহ তোমাদের সঙ্গে আছেন তোমরা যেখানেই থাক না কেন (১১) সে বৃষ্টি থেকে সরে গেল ও ছাদ নালীর নীচে দাঁড়াল (১২) যখন আমি দরজা খুলে দিলাম তখন সে প্রবেশ করল (১৩) আজ আমরা আমাদের বাড়ির দিকে ফিরব (১৪) আমি একটি পুরাতন বাড়ীর পার্শ্ব দিয়ে অতিক্রম করেছি।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ قَائِمَيْنِ ঃ বাবে نَصَرَ থেকে اسم فاعل এর جمع مذكر এর সীগা। অর্থঃ সকল দাঁড়ানো ব্যক্তি ✪ اِشْتَرَيْتُ ঃ বাবে اِفْتِعَال থেকে ماضى معروف-র واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি ক্রয় করেছি। ✪ اِسْتَيْقَظْتَ ঃ বাবে اِسْتِفْعَال থেকে ماضى معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি জাগ্রত হয়েছ। ✪ لَاتَغْمِسْ ঃ বাবে ضَرَبَ থেকে نهى معروف এর واحدمذكر حاضر এর সীগা। অর্থ তুমি প্রবেশ করাইবেনা। ✪ ادعو ঃ বাবে نَصَرَ থেকে امر معروف এর جمع مذكرحاضر এর সীগা। অর্থঃ তোমরা সকলে ডাক।

✪ اَخْرِجُوْا مِنَ الْبَيْتِ مَنْ كَانَ فَاسِقًا ঃ اَخْرِجْ ফেল আমর। প্রকাশ্য যমীর জমার ওয়াও ফায়েল। مِنَ الْبَيْتِ জার মাজরুর মিলে মুতাআল্লেক। مَنْ ইসমে মওসূল, كَانَ ফেলে নাকেস। هُوَ মুসতাতির ইহার ইসম, فَاسِقًا খবর, ফেলে নাকেস তার ইসম এবং খবর মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে সেলা। ইসমে মওসূল এবং সেলা মিলে মাফউলে বিহী, ফেল তার ফায়েল, মাফউলে বিহী এবং মুতাআল্লেক মিলে জুমলায়ে ফেলিয়ায়ে ইনশাইয়্যাহ হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) اَيَقَظْتُكَ مِرَارًا لٰكِنْ مَا اسْتَيَقَظْتَ (٢) يُوَقِظُوْنَ اَوْلَادَهُمْ لِلصَّلٰوةِ (٣) اِذْهَبْ اَيْنَمَا شِئْتَ (٤) اُخْرِجَ مِنْ صَفِّهٖ (٥) اُدْخِلْتُ فِى الصَّفِّ الثَّانِىْ (٦) اَنَامُ عَلٰى فِرَاشِىْ (٧) لَنْ اَقُوْمَ مَادَامَ زَيْدٌ جَالِسًا (٨) لَنْ اَجْلِسَ مَا دُمْتَ قَائِمًا (٩) اِذَا دَخَلْتَ الدَّارَ فَكُلْ مَا شِئْتَ (١٠) لَمَّا ذَهَبْتُ اِلَيْهِمْ كَانُوْا نَائِمِيْنَ (١١) اِغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ (١٢) نَاوَلْتُهُ الْمِنْدِيْلَ (١٣) اِضْرِبْ بِعَصَاكَ الْحَجَرَ (١٤) فَلْيَضْحَكُوْا قَلِيْلًا وَلْيَبْكُوْا كَثِيْرًا (١٥) اَلشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَاْمُرُكُمْ بِالْفَحْشَاءِ (١٦) لَاتُزَيِّنُوْ الْبُيُوْتَ بِالتَّصَاوِيْرِ (١٧) زَيِّنُوْا اَعْمَالَكُمْ بِالْاِخْلَاصِ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) আমি তোমাকে অনেক বার জাগিয়েছি কিন্তু তুমি জাগ্রত হওনি (২) তারা নিজ সন্তানদেরকে নামাযের জন্য জাগ্রত করে (৩) তুমি যেখানে চাও যেতে পার (৪) তাকে তার ক্লাস থেকে বের করে দেয়া হয়েছে (৫) আমাকে দ্বিতীয় শ্রেণীতে ভর্তি করানো হয়েছে (৬) আমি নিজের বিছানায় ঘুমাবো (৭) যতক্ষণ যায়েদ বসা থাকবে, আমি ততক্ষণ উঠব না (৮) যতক্ষণ তুমি দাড়িয়ে থাকবে, আমি ততক্ষণ বসব না (৯) যখন তুমি ঘরে প্রবেশ করবে তখন যা তোমার ইচ্ছা আহার করো (১০) যখন আমি তাদের কাছে গেলাম তারা তখন ঘুমন্ত ছিল (১১) সে জুমার দিন গোছল করেছে (১২) আমি তাকে রুমাল দিয়েছি (১৩) তোমার লাঠিটি দিয়ে পাথরে আঘাত কর (১৪) তারা যেন কম হাসে এবং বেশী কাঁদে (১৫) শয়তান তোমাদেরকে দারিদ্রতার প্রতিশ্রুতি দেয় এবং অশ্লীল কর্মের প্রতি নির্দেশ করে (১৬) তোমরা ছবি দিয়ে বাড়ি ঘর সজ্জিত করিও না (১৭) তোমরা এখলাছ (একনিষ্ঠতা) দ্বারা তোমাদের আমলকে সুশোভিত কর।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ يُوَقِظُوْنَ ঃ বাবে اِفْعَال থেকে جمع مذكرغائب এর مضارع معروف এর সীগা। অর্থঃ তাহারা জাগ্রত করে। ✪ أَنَامُ ঃ বাবে سَمِعَ থেকে مضارع معروف এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি ঘুমাই। ✪ كُلْ ঃ বাবে نَصَرَ থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি বক্ষণ কর। ✪ لِيَضْحَكُوْا ঃ বাবে سَمِعَ থেকে امر معروف এর جمع مذكر غائب এর সীগা। অর্থঃ তাহারা যেন হাসে। ✪ لِيَبْكُوْا ঃ বাবে ضَرَبَ থেকে امر معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ তাহারা যেন কাঁদে।

✪ اِذْهَبْ اَيْنَمَا شِئْتَ ঃ اِذْهَبْ ফেলে আমর, اَنْتَ যমীরে মুসতাতির উহার ফায়েল, اَيْنَ জরফে মুজাফ, مَا মাসদারইয়া, شِئْتَ ফেল ফায়েল মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে বতাবিলে মাসদার হয়ে মুজাফ ইলাইহী, মুজাফ মুজাফ ইলাইহী মিলে মুতাআল্লিক, ফেল ফায়েল এবং মুতাআল্লিক মিলে জুমলা ফেলিয়ায়ে ইনশাইয়্যাহ হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) اِسْتَرَحْتُ قَلِيْلًا بَعْدَ مَا رَجَعْتُ مِنَ السُّوْقِ (٢) دَعْنِىْ اَسْتَرِحْ (٣) جَرَّبْتُكَ مِرَارًا (٤) لَا تُجَرِّبِ الْمُجَرَّبَ (٥) جَرِّبْنِىْ كَيْفَمَا شِئْتَ (٦) يَخْلُقُ اللّٰهُ مَا يَشَاءُ (٧) نُرِيْدُ اَنْ نَبِيْعَ مَتَاعَنَا (٨) اَلنَّاسُ يَبِيْعُوْنَ اَمْوَالَهُمْ فِى السُّوْقِ (٩) اِنَّ اللّٰهَ اشْتَرٰى اَنْفُسَنَا وَاَمْوَالَنَا بِالْجَنَّةِ (١٠) بِعْ هٰذَا الْجَمَلَ وَاشْتَرِ ذٰلِكَ الثَّوْرَ (١١) اِنَّ اللّٰهَ لَا يَغْفِرُ اَنْ يُّشْرِكَ بِهٖ (١٢) اِسْتَغْفِرِاللّٰهَ كُلَّ يَوْمٍ سَبْعِيْنَ مَرَّةً (١٣) مَاذَا تَتَعَلَّمُ فِىْ هٰذِهِ الْاَيَّامِ (١٤) خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْاٰنَ وَعَلَّمَهٗ

আরবীর বাংলা অনুবাদঃ (১) আমি বাজার থেকে ফিরে আসার পর কিছুক্ষণ বিশ্রাম নিয়েছি (২) আমাকে ছেড়ে দিন আমি বিশ্রাম করব (৩) আমি তোমাকে বহু বার পরীক্ষা করেছি (৪) অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে যাচাই করিও না (৫) যেভাবে চাও আমাকে যাচাই করতে পার (৬) আল্লাহ পাক যা চান তাই সৃষ্টি করেন (৭) আমরা স্বীয় মালপত্র বিক্রি করতে চাই (৮) মানুষ নিজেদের মালপত্র বাজারে বিক্রি করছে (৯)নিশ্চয় আল্লাহ পাক আমাদের জান মাল জান্নাতের বিনিময়ে কিনে নিয়েছেন (১০) এই উটটি বিক্রয় কর এবং ঐ বলদটি ক্রয় কর (১১) নিশ্চয় আল্লাহ তায়ালা তার সঙ্গে অংশীদার স্থাপনকারীকে ক্ষমা করবেন না (১২) প্রতিদিন সত্তর বার আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা কর (১৩) তুমি এই দিনগুলোতে কি শিখতেছ ? (১৪) তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম যে কুরআন শিক্ষা করে ও উহা শিক্ষা দেয়।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ اِسْتَرَحْتُ ঃ বাবে استفعال থেকে ماضى معروف এর واحد متكلم এর সীগা। অর্থঃ আমি বিশ্রাম নিয়েছি। ✪ رَجَعْتُ ঃ বাবে فَتَحَ থেকে ماضى معروف এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি ফিরে এসেছি। ✪ جَرَّبْتُ ঃ বাবে تَفْعِيْل থেকে ماضى معروف এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি পরীক্ষা করেছি। ✪ بِعْ ঃ বাবে ضَرَبَ থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি বিক্রি কর। ✪ اِسْتَغْفِرْ ঃ বাবে استفعال থেকে امرمعروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি ক্ষমা প্রার্থনা কর।

✪ اِسْتَرَحْتُ قَلِيْلًا بَعْدَ مَا رَجَعْتُ مِنَ السُّوْقِ ঃ اِسْتَرَحَ ফেলে মাজী تُ যমীরে বারেজ ফায়েল, قَلِيْلًا মাফউলে ফী আওয়াল। بَعْدَ জরফে মুজাফ مَا মাসদারইয়াহ, رَجَعْتُ ফেল ও ফায়েল مِنَ السُّوْقِ জার মাজরুর মিলে মুতাআল্লিক, ফেল ফয়েল এবং মুতাআল্লিক মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে বতাবিলে মাসদার হয়ে মুজাফ ইলাইহী, মুজাফ এবং মুজাফ ইলাইহী মিলে মাফউলে ফী সানী, ফেল ফায়েল এবং দুনো মাফউলে ফী মিলে জুমলায়ে ফেলিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) لَا تُحَلِّقْ لِحْيَتَكَ (٢) حَلِّقُوْا رُءُوْسَكُمْ (٣) دَخَلُوا الْمَسْجِدَ الْحَرَامَ مُحَلِّقِيْنَ رُءُوْسَهُمْ (٤) مِنْ فَضْلِكَ أَرِنِيْ كِتَابَكَ (٥) رَبِّ زِدْنِيْ عِلْمًا (٦) يُؤْخَذُ الْمَرْأُ بِإِقْرَارِهٖ (٧) أَخْلَفْتَ مَا وَعَدْتَنِيْ (٨) إِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ (٩) أَوْقِدِ السِّرَاجَ (١٠) أَطْفِئِ السِّرَاجَ (١١) إِغْتَمَّ غَمًّا شَدِيْدًا (١٢) لَمْ يُكَرِّرْ عَلَيْهِ قِصَّتَهُ (١٣) أَطْرَقَ رَأْسَهُ إِلَى الْأَرْضِ (١٤) قَامَ بَيْنَ يَدَيْهِ مُتَكَتِّفًا (١٥) صَارَ يَتَقَلَّبُ مِنْ جَنْبٍ إِلٰى جَنْبٍ (١٦) لَا أَتْرُكُ مَنْ يُؤْذِيْكَ (١٧) كَيْفَ هَانَ عَلٰى أَهْلِهٖ حَتّٰى تَرَكُوْهُ (١٨) لَمْ يَزَلْ مَاشِيًا إِلَى الْبِرِّ ـ

আরবীর বাংলা অনুবাদঃ (১) তুমি নিজের দাঁড়ি শেভ করো না, (২) তোমরা নিজেদের মাথা ন্যাড়া কর (৩) তারা নিজেদের মাথা ন্যাড়া করে মসজিদে হারামে প্রবেশ করেছে (৪) অনুগ্রহ পূর্বক তোমার কিতাবখানা দেখাও (৫) হে প্রভূ আমার জ্ঞান বাড়িয়ে দাও (৬) মানুষকে তার স্বীকারোক্তির উপর গ্রেপ্তার করা হয় (৭) তুমি আমার সাথে কৃত প্রতিশ্রুতি ভঙ্গ করেছ (৮) নিশ্চয় আল্লাহ পাক প্রতিশ্রুতি ভঙ্গ করেন না (৯) বাতিটি জ্বালাও (১০) বাতিটি নিভিয়ে দাও (১১) সে ভীষণ চিন্তিত হয়েছে (১২) সে নিজ ব্যাপার তার কাছে পুণঃ ব্যক্ত করে নাই (১৩) সে ভূমিতে স্বীয় মাথা অবনমিত করল (১৪) সে তার সামনে হাত বেঁধে দাঁড়ালো (১৫) সে একদিক থেকে অপর দিকে পার্শ্ব পরিবর্তন করতে লাগল (১৬) তোমাকে যে কষ্ট দিবে, আমি তাকে ছাড়বনা (১৭) তার পরিবার পরিজন কিভাবে তাকে ছেড়ে দিতে পারল, (১৮) সে ভূ-পৃষ্ঠে ক্রমাগত চলছে।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ لَاتُحَلِّقْ ঃ বাবে تَفْعِيْل থেকে نهى معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি শেভ করোনা। ✪ زِدْ ঃ বাবে ضَرَبَ থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ আপনি বাড়িয়ে দিন। ✪ يُؤْخَذُ ঃ বাবে نَصَرَ থেকে مضارع مجهول এর واحد مذكر غائب এর সীগা। অর্থঃ তাকে গ্রেপ্তার করা হইতেছে বা হইবে। ✪ أَوْقِدْ ঃ বাবে افعال থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি জ্বালাও। ✪ أَخْلَفْتَ ঃ বাবে افعال থেকে ماضى معروف এর واحدمذكر حاضر এর সীগা। অর্থঃ তুমি ভঙ্গ করেছ।

✪ مِنْ فَضْلِكَ أَرِنِيْ كِتَابَكَ ঃ مِنْ হরফে জার فَضْلِكَ মুজাফ, মুজাফ মুজাফ ইলাইহী মিলে মাজরুর জার মাজরুর মিলে মুতাআল্লিকে মুকাদ্দম, أَرِ ফেলে আমর এর সাথে। أَرِ ফেলে আমর, أَنْتَ যমীরে মুসতাতির ফায়েল নূনে বেকায়াহ ইয়ায়ে মুতাকাল্লিম মাফউলে বিহ আওয়াল। كِتَابَكَ মুজাফ মুজাফ ইলাইহী মিলে মাফউলে বিহ সানী। ফেল তার ফায়েল মুতাআল্লিক এবং দুই মাফউলে বিহ মিলে জুমলায়ে ফেলিয়ায়ে ইনশাইয়্যাহ হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) لَااَقْدِرُاَنْ اَصِفَهُ لَكَ (٢) كَسَرَّرَعَلَيْهِ مِرَارًا عَدِيْدَةً (٣) اَخَذَ سَيْفًا وَغَرَزَ طَرْفَهُ فِىْ بَطْنِهٖ (٤) غَضَبَ عَلَيْهِ وَسَجَّنَهُ (٥) بَذَلَ الْجُهْدَعَلٰى قَدْرِ طَاقَتِهٖ (٦)لَايَصْعَبُ عَلَيْكَ الْحَقُّ (٧) اُخْذُلِىْ شَيْئًا يَكُوْنُ اَمَارَةً عِنْدِىْ (٨) قَبَّلَ الْاَرْضَ بَيْنَ يَدَيْهِ وَتَكَتَّفَ (٩) اَدَارَاِلَيْهِ ظَهْرَهُ (١٠) هَرَشَ مَوْضِعَ الْقَرْصَةِ (١١) اِسْتَوٰى قَاعِدًا (١٢) اَنْتَ مُعْجِبٌ بِنَفْسِكَ (١٣) مَا اَنَا قَالِعٌ خَاتَمِىْ (١٤) اَخَذَهُ فِىْ حِضْنِهٖ وَعَانَقَهُ (١٥) اَدَ لَاهُ فِى الْبِيْرِ اِلٰى اَنْ وَصَلَ الْمَاءَ (١٦) فَاتَهُ مَطْلُوْبُهُ (١٧) اِشْتَبَكَتْ اَسْنَانُهُ (١٨) اَقْلَعُ ثِيَابِىْ وَاَعْصِرُهَا (١٩) نَشَرَثِيَابَهُ فِى الشَّمْسِ ـ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) আমি তা আপনার কাছে ব্যক্ত করতে পারবনা (২) সে তার কাছে বহুবার ব্যক্ত করেছে (৩) সে একটি তরবারি নিল এবং তরবারির মাথা পেটে ঢুকিয়ে দিল (৪) সে তার উপর ক্রুদ্ধ হলো এবং তাকে কারারুদ্ধ করল (৫) সে স্বীয় সামর্থানুযায়ী প্রচেষ্টা করেছে (৬) সত্য তোমার নিকট কষ্ট সাধ্য হবে না (৭) আমি আমার জন্য এমন কিছু করব যা আমার কাছে স্মৃতি হিসেবে থাকবে (৮) সে তার সম্মুখে মাটিতে চুম্বন করল এবং হাত বেঁধে দাঁড়াল (৯) সে তার দিকে পৃষ্ঠ প্রদর্শন করল (১০) সে মশার দংশনকৃত স্থানে চুলকাল (১১) সে সোজা হয়ে বসল (১২) তুমি নিজের উপর গর্বিত (১৩) আমি আমার আংটি খুলবনা (১৪) সে তাকে কোলে নিল এবং গলার সাথে লাগাল (১৫) সে তাকে কূপে নিক্ষেপ করল, ফলে সে পানিতে পৌঁছে গেল (১৬) তার মনোবাঞ্ছা ব্যর্থ হল (১৭) তার দাতগুলি একটি অপরটির ভিতর ঢুকে গিয়েছে (১৮) আমি আমার পোষাক খুলব এবং তা নিংড়াব (১৯) সে তার কাপড় রৌদ্রে ছড়িয়ে দিয়েছে।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক

✪ أَصِفُ ঃ বাবে ضَرَبَ থেকে مضارع معروف-র واحد متكلم এর সীগা। অর্থঃ আমি ব্যক্ত করবো। ✪ غَرَزَ ঃ বাবে ضَرَبَ থেকে ماضى معروف-র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে ঢুকিয়েছে। ✪ سَجَّنَ ঃ বাবে تفعيل থেকে ماضى معروف-র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে কারাবদ্ধ করল। ✪ هَرَشَ ঃ বাবে نَصَرَ থেকে ماضى معروف-র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে (এক. পু.) চুলকাল। ✪ عَانَقَ ঃ বাবে مفاعله থেকে ماضى معروف-র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে গলার সাথে লাগাল।

www.e-ilm.weebly.com

(١) لَاتَخَفْ عَلَيَّ (٢)لَايُصِيْبُنِيْ شَيْئٌ (٣) جَعَلَ نَفْسَهُ نَائِمًا (٤) مَازَالَ يَرْفُسُهُ بِرِجْلَيْهِ (٥) تَمَهَّلْ عَلَيَّ قَلِيْلًا حَتّٰى أُحَدِّثَكَ بِقِصَّتِهِ (٦) مَا تَسَبَّبَ فِيْ هٰذَا كُلِّهِ اِلَّا اَنْتَ (٧) بِاللّٰهِ عَلَيْكَ اَنْ تَصْبِرَ (٨) اَمَرَ بِتَحْوِيْلِ مَتَاعِهِ مِنَ الْمَكَانِ اِلَى السُّوْقِ (٩) فِي الْقَصْرِ شَبَابِيْكُ عَجِيْبَةٌ (١٠) اِرْتَجَفَ فُؤَادُهُ وَزَالَ عَقْلُهُ (١١) لَاتَمْزَحْ هٰذَا الْمِزَاحَ الْخَارِجَ عَنِ الْحَدِّ (١٢) سَحَبَ سَيْفًاكَانَ عِنْدَهُ وَضَرَبَهُ وَشَقَّ ذَيْلَهُ (١٣) اِصْبِرْ عَلٰى غَدٍ حَتّٰى اَتَحَيَّلَ فِيْ اَمْرِكَ (١٤) جِئْتُ اِلَيْكَ لَعَلِّيْ اَعْرِفُ دَائَكَ وَاَقْدِرُ عَلٰى دَوَائِكَ .

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) আমাকে ভয় পেয়োনা (২) আমার কিছু হবে না (৩) সে নিজেকে নিদ্রা মগ্ন বানিয়েছে (৪) সে তাকে পদাঘাত করতে লাগল (৫) আমাকে সুযোগ দিন যেন আপনার নিকট তার ঘটনা ব্যক্ত করতে পারি (৬) এ সবের কারণ তুমি ছাড়া কেউ নয় (৭) আল্লাহর শপথ তোমার ধৈর্য্যবলম্বন করা দরকার (৮) সে তার মাল-পত্র ঘর থেকে বাজারে স্থানান্তরের নির্দেশ দিল (৯) রাজ প্রসাদে সুন্দর জানালা রয়েছে (১০) তার অন্তর কেঁপে উঠল এবং বুদ্ধি হারিয়ে ফেলল (১১) তুমি সীমাতিরিক্ত ঠাট্টা বিদ্রুপ করোনা (১২) সে তরবারী বের করল যা তার নিকট ছিল এবং তার প্রতি আঘাত হানল ও তার আচল ছিড়ে ফেলল (১৩) আগামীকাল পর্যন্ত ধৈর্য্য ধর, যেন আমি তোমার ব্যাপারে কোন কৌশল অবলম্বন করতে পারি (১৪) আমি তোমার কাছে এসেছি যেন তোমার রোগ নির্ণয় করতে পারি। এবং তোমাকে সঠিক ঔষধ দিতে পারি।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ لَاتَخَفْ ঃ বাবে سَمِعَ থেকে نهى معروف -র واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি ভয় করোনা। ✪ يَرْفِسُ ঃ বাবে ضَرَبَ থেকে مضارع معروف -র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে পদাঘাত করতেছে বা করবে। ✪ تَمَهَّلْ ঃ বাবে تفعل থেকে امر معروف -র واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ আপনি সুযোগ দিন। ✪ تَسَبَّبَ ঃ বাবে تفعل থেকে ماضى معروف -র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে কারণ হয়েছে।

✪ لَا تَمْزَحْ هٰذَا الْمِزَاحَ ঃ لَاتَمْزَحْ ফেলে নীহি, اَنْتَ যমীরে মারফুয়ে মুত্তাসিল মুসতাতির ফায়েল, هذا ইসমে ইশারা মওসূফ, اَلْمِزَاحَ মুশারুন ইলাইহী সিফাত। মওসূফ এবং সিফাত মিলে মাফউলে বিহ। ফেল ফায়েল এবং মাফউলে বিহ মিলে জুমলায়ে ফেলিয়ায়ে ইনশাইয়্যাহ হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) اُدْخُلْ وَلَا تُطِلِ الْقُعُوْدَ (٢) اَخْبِرْنِىْ بِقِصَّتِكَ وَمَا اتَّفَقَ لَكَ (٣) لَعَلَّ اللّٰهَ يُطَلِّعُنِىْ عَلٰى مَا فِيْهِ خَلَاصُكَ (٤) حِكَايَةُ هٰذَا الشَّابِّ اَعْيَتْ فِكْرِىْ (٥) اِشْتَغَلَ كُلُّ وَاحِدٍ بِنَفْسِهٖ (٦) خَرَجَ يَتَحَدَّثُ مَعَ اَحَدٍ (٧) اِيَّاكَ اَنْ تُطِيْلَ النَّظَرَ اِلَيْهِ (٨) كَادَ اَنْ يُّفَارِقَ الْحَيٰوةَ مِنْ تُحُوْلِ جِسْمِهٖ (٩) نَحْنُ لَا نَعْرِفُ بَاطِنَ هٰذِهِ الْقَضِيَّةِ (١٠) غَمَزَهٗ لِيَرُوْحَ اِلٰى حَالِ سَبِيْلِهٖ (١١) هُوَ مَسْجُوْنٌ بِاَسْوَءِ حَالٍ (١٢) مَا يُطِيْبُ لِىْ عَيْشٌ اِلَّا بِكَ (١٣) رَمَاهُ فِىْ مَفْرَقِ الطَّرِيْقِ (١٤) وَيْلَكَ لَا تَسْتَعْجِلْ عَلٰى هَلَاكِ نَفْسِكَ (١٥) لَا تَعْرِفُ اَىَّ شَيْءٍ قُدَّامَكَ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) প্রবেশ কর তবে অধিকক্ষণ বসে থেকোনা (২) তোমার ব্যাপারটা এবং অপ্রত্যাশিত তোমার যা ঘটেছে তা আমাকে বল (৩) হতে পারে আল্লাহ পাক তোমার মুক্তির ব্যাপারে আমাকে অবহিত করবেন (৪) এ যুবকটির ঘটনা আমার চিন্তা শক্তিকে দুর্বল করে দিয়েছে (৫) প্রত্যেকে নিজ নিজ কাজে মনযোগ দিয়েছে (৬) সে এক লোকের সাথে কথা বলতে বলতে বের হয়ে গেল (৭) তার দিকে বেশীক্ষণ তাকিয়ে থাকা হতে বিরত থাক (৮) শারীরিক দুর্বলতার কারণে জীবনাবসনের উপক্রম হলো (৯) এ ঘটনার মোটিভ (রহস্য) আমরা জানি না (১০) তিনি তাকে নিজ অবস্থায় চলার জন্য ইশারা করলেন (১১) সে অত্যন্ত দুরাবস্থায় আবদ্ধ (১২) তোমাকে ব্যতীত আমার জীবন সুখময় হবে না (১৩) সে তাকে চৌরাস্তায় নিক্ষেপ করল (১৪) সাবধান নিজের ধ্বংসের ব্যাপারে তাড়াহুড়া করোনা (১৫) তোমার সম্মুখে কি আছে তা তুমি জানোনা।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ لَاتُطِلْ ঃ বাবে افعال থেকে واحدمذكرحاضر -র نهى معروف এর সীগা। অর্থঃ তুমি লম্বা করোনা। ✪ يُطَّلِعُ ঃ বাবে افتعال থেকে مضارع معروف এর واحدمؤنث غائب এর সীগা। অর্থঃ সে অবহিত করবে। ✪ أَعْيَتْ ঃ বাবে افعال থেকে ماضى معروف -র واحدمؤنث غائب এর সীগা। অর্থঃ সে দুর্বল করে দিয়েছে। ✪ يَتَحَدَّثُ ঃ বাবে تفعل থেকে مضارع معروف -র واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে কথা বলতেছে বা বলবে।

✪ وَيْلَكَ ঃ মুজাফ মুজাফ ইলাইহী মিলে من غير মুজাফ ইলাইহী, لَا تَسْتَعْجِلْ ফেল, اَنْتَ যমীরে মুসতাতির ফায়েল, عَلٰى হরফে জার هَلَاكِ মুজাফ, نَفْسِكَ মুজাফ মুজাফ ইলাইহী মিলে আবার মুজাফ ইলাইহী, মুজাফ মুজাফ ইলাইহী মিলে মাজরুর, জার মাজরুর মিলে মুতাআল্লিক, ফেল ফায়েল এবং মুতাআল্লিক মিলে জুমলায়ে ফেলিয়ায়ে ইনশাইয়্যাহ হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) تَقَوَّتَ بِنَبَاتِ الْأَرْضِ وَشَرِبَ مِنْ مُتَحَصَّلَاتِ الْأَمْطَارِ (٢) لَا اَقْدِرُ اَنْ اُفَارِقَهُ سَاعَةً (٣) اَمَرَ تُهُمْ بِمَدِّالسِّمَاطِ (٤) عَرِقَ جَبِيْنُهُ مِنَ الْحَيَاءِ (٥) فَقَدْتُ مَحْبُوْبِىْ وَلَمْ اَجِدْ لَهُ خَبَرًا (٦) قُضِىَ اَمْرٌ كَانَ مَفْعُوْلًا (٧) اَوْ قَدُوَالَهُ الشُّمُوْعَ وَفَرَشُوَالَهُ الْفِرَاشَ (٨) نَهَضَ قَائِمًا عَلٰى اَقْدَامِهِ (٩) مَا رَاَيْتُ اَحَدًا مُعْجِبًا بِنَفْسِهِ مِثْلَكَ (١٠) اِذَا وَقَعَ الْقَضَا عَمِىَ الْبَصَرُ (١١) تَعَجَّبْتُ مِنْ ذٰلِكَ غَايَةَ التَّعَجُّبِ (١٢) اِتَّسَعَ صَدْرُهُ وَانْشَرَحَ (١٣) فَرَّقَ جَيْشَهُ يَمِيْنًا وَشِمَالًا (١٤) قَلْبُهُ مَلَانُ حُزْنًا (١٥) نَجْتَمِعُ غَدًا عِنْدَ مَفْرَقِ الطَّرِيْقِ .

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) সে জমীনের উৎপন্ন ফসল কে খাদ্য বানিয়েছে এবং বৃষ্টির সঞ্চিত পানি পান করেছে (২) আমি এক মুহূর্ত তার থেকে পৃথক থাকতে পারিনা (৩) আমি তাদেরকে দস্তরখান বিছাতে নির্দেশ দিয়েছি (৪) লজ্জায় তার ললাট ঘর্মাক্ত হয়ে গেল (৫) আমি আমার প্রিয়কে হারিয়েছি এবং তার কোন সন্ধান পাইনি (৬) যা হবার ছিল তা হয়ে গেছে (৭) তারা তার জন্য আলো জালালো এবং বিছানা বিছালো (৮) সে নিজের পায়ে ভর করে দাঁড়িয়েছে (৯) তোমার ন্যায় আত্ম গর্ববোধকারী আমি আর কাউকে দেখিনি (১০) যখন আল্লাহর পক্ষ থেকে সিদ্ধান্ত চূড়ান্ত হয়ে যায়, তখন চক্ষু অন্ধ হয়ে যায় (১১) এর কারণে আমি অত্যাধিক আশ্চর্যান্বিত হলাম (১২) তার অন্তর অত্যন্ত প্রশস্ত হলো এবং খুলে গেল (১৩) সে তার সেনা বাহিনীকে ডানে ও বামে ছড়িয়ে দিয়েছে (১৪) তার অন্তর চিন্তায় পরিপূর্ণ (১৫) আমরা আগামীকাল চৌরাস্তায় জমায়েত হব।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ تَقَوَّتَ ঃ বাবে تفعل থেকে ماضى معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে খাদ্য বানিয়েছে। ✪ مُتَحَصَّلَاتٌ ঃ বাবে تفعل থেকে اسم مفعول এর جمع مؤنث এর সীগা। অর্থঃ সঞ্চিত পানি। ✪ اَلْاَمْطَارُ ঃ مَطَرٌ এর বহুবচন। অর্থঃ বৃষ্টি। ✪ عَرِقَ ঃ বাবে سَمِعَ থেকে ماضى معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে ঘর্মাক্ত হয়েছে।

✪ مَارَاَيْتُ اَحَدًا مُعْجِبًا بِنَفْسِهِ مِثْلَكَ ঃ مَارَاَيْتُ ফেল, تُ যমীরে মুসতাতির ফায়েল, اَحَدًا মওসূফ, مُعْجِبًا শিবাহ ফেল, بِ হরফে জার, نَفْسِهِ মুজাফ মুজাফ ইলাইহী মিলে মাজরুর , জার মাজরুর মিলে মুতাআল্লিক শিবা ফেলের সাথে, শিবা ফেল তার ফায়েল এবং মুতাআল্লিক মিলে সিফাত, মওসূফ সিফাত মিলে মাফউলে বিহ আওয়াল। مِثْلَكَ মুজাফ মুজাফ ইলাইহী মিলে মাফউলে বিহ সানী। ফেল তার ফায়েল এবং দুই মাফউল মিলে জুমলায়ে ফেলিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) مَسَحَ دَمَعَهُ وَنَشَفَ دُمُوْعَهُ (٢) خَلَصْتُ رَقَبَتَهُ مِنْ جُثَّتِهِ (٣) شَقَّ جَوْفَ طَائِرٍ وَاَخْرَجَ اَمْعَائَهُ (٤) وَجَدْفِى الطَّرِيْقِ شَيْئًا يَلْمَعُ (٥) هٰذَا الَّذِىْ يَنْدُرُ وُجُوْدُهُ فِىْ بِلَادِكُمْ (٦) جَلَسَ يَنْتَظِرُ اِنْقِضَاءَ الْاَيَّامِ (٧) ضَحِكَ زَيْدٌ حَتّٰى اِسْتَلْقٰى عَلٰى قَفَاهُ (٨) اِنْجَلَتْ عَنْهُ الْهُمُوْمُ وَالْاَحْزَانُ (٩) اِنَّ لَكَ عَلَىَّ فَضْلًا غَيْرَ مَحْصُوْرٍ (١٠) تَمَكَّنَ حُبُّهُ فِىْ قَلْبِىْ (١١) جَرٰى عَلَىَّ بِالْاَمْسِ مِثْلُ مَا جَرٰى عَلَيْكَ الْيَوْمَ (١٢) طَارَ عَقْلُهُ مِنْ شِدَّةِ الْغَيْظِ (١٣) اَوْضِحْ لِىْ هٰذِهِ الْقَضِيَّةَ (١٤) اَلدَّمُ يَقْطُرُ مِنْ مَنَاخِرِهِ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) সে তার রক্ত মুছে ফেলেছে এবং অশ্রু শুকিয়ে ফেলেছে (২) আমি তার শরীর থেকে ঘাড় পৃথক করে ফেলেছি (৩) সে পাখির পেট ফেঁড়ে নাড়ি ভূড়ি বের করেছে (৪) সে রাস্তায় একটি চমৎকার জিনিষ পেয়েছে (৫) এটা এমন জিনিষ যা তোমাদের দেশে দুষ্প্রাপ্য (৬) সে দিনগুলি অতিবাহিত হওয়ার অপেক্ষায় বসে আছে (৭) যায়েদ হাসতে হাসতে চিৎ হয়ে গেল (৮) সর্ব প্রকার দুশ্চিন্তা তার থেকে দূরিভুত হলো (৯) নিশ্চয় আমার প্রতি আপনার দান অগনিত (১০) আমার হৃদয়ে তার ভালবাসা বেধেছে (১১) গতকাল আমি যে জিনিষের সম্মুখীন হয়েছিলাম আজ তুমি সে জিনিষের সম্মুখিন (১২) রাগের প্রচণ্ডতার কারণে তার জ্ঞান লোপ পেয়েছে (১৩) আমাকে বিষয়টি স্পষ্ট করে বল (১৪) তার নাকের ছিদ্র দিয়ে রক্ত ঝরছে ।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ مَسَحَ ঃ বাবে فَتَحَ থেকে واحدمذكرغائب-র ماضى معروف এর সীগা। অর্থঃ সে মুছে ফেলেছে। ✪ جُثَّةٌ ঃ শরীর, লাশ, বহুবচন جُثَثٌ। ✪ أَمْعَاءٌ ঃ ইহা مِعًى এর বহুবচন অর্থঃ নাড়ি ভূড়ি। ✪ اِنْجَلَتْ ঃ বাবে انفعال থেকে ماضى معروف এর واحدمؤنث غائب এর সীগা। অর্থঃ দূরিভুত হয়েছে। ✪ اَلْهُمُوْمُ ঃ ইহা هَمٌ এর বহুবচন। অর্থঃ দুশ্চিন্তা। ✪ اَلْاَحْزَانُ ঃ ইহা حزن এর বহুবচন। অর্থঃ দুশ্চিন্তা।

✪ جَرٰى عَلَىَّ بِالْاَمْسِ مِثْلُ مَا جَرٰى عَلَيْكَ الْيَوْمَ ঃ جَرٰى ফেলে মাজী , عَلَىَّ জার মাজরুর মিলে উহার মুতাআল্লিক আওয়াল। بالامس জার মাজরুর মিলে মুতাআল্লিক সানী, مِثْل মুজাফ, مَا ইসমে মওসূল, جَرٰى ফেল, هُوَ যমীরে মুসতাতির ফায়েল, عَلَيْكَ জার মাজরুর মিলে মুতাআল্লিক, اَلْيَوْمَ মাফউলে ফি, ফেল ফায়েল মাফউল এবং মুতাআল্লিক মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে সিলা, মওসূল এবং সিলা মিলে মুজাফ ইলাইহী, মুজাফ মুজাফ ইলাইহী মিলে ফায়েল, ফেল ফায়েল এবং দুই মুতাআল্লিক মিলে জুমলায়ে ফেলিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) سَلَّ سَيْفَهُ وَاَرَادَاَنْ يَضْرِبَهُ (٢) اَغْمَدَ سَيْفَهُ وَرَجَعَ (٣) هَلْ لَكُمْ مِنْ حَاجَةٍ فَاَقْضِيَهَا (٤) اِنَّ فِرَاقَكَ يَعِزُّعَلَيَّ (٥) دَقَّ يَدًّاعَلٰى يَدٍ (٦) لَسْتُ مُعْتَادًا عَلَى الْمَشْيِ (٧) صِرْتُ سَاعَةً أَمْشِيْ وَسَاعَةً أَقْعُدُوَأَ سْتَرِيْحُ (٨) اِنْ غِبْتَ عَنِّيْ تَسْتَغْرِقُنِيَ الْاَفْكَارُ (٩) لَيْسَ لِيَ قُدْرَةٌ عَلٰى بُعْدِكَ (١٠) تَوَجَّهْ وَلَاتُبْطِئْنِيْ عَلَيَّ (١١) مَا الَّذِيْ تُرِيْدُ هُ مِنَ السُّوْقِ (١٢) جِئْتُ لِاَ شْتَرِيَ طَعَامًا (١٣) اِبْشِرْبِكُلِّ خَيْرٍ (١٤) سِرْمَعِيَ اِلٰى مَكَانِيْ فَاُعْطِيْكَ مَا تُرِيْدُ (١٥) اِفْعَلْ مَا اَنْتَ اَهْلُهُ وَعَجِّلْ (١٦) رَجَعَ بِهِ اِلٰى زُقَاقٍ ضَيِّقٍ (١٧) صَارَ يَتَبَسَّمُ فِيْ وَجْهِهِ ـ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) সে তরবারী কোষ মুক্ত করে তাকে মারার জন্য উদ্যত হল (২) সে তরবারী কোষাবদ্ধ করে চলে গেল (৩) তোমাদের কি কোন প্রয়োজন আছে যা আমি মিটাতে পারি (৪) তোমার বিচ্ছেদ আমার জন্য কষ্টকর হবে (৫) সে হাত তালি দিয়েছে (৬) আমি পায়ে হাঁটতে অভ্যস্থ নই (৭) আমি কিছুক্ষণ হাটি ও কিছুক্ষণ বসি ও বিশ্রাম করি (৮) তুমি অনুপস্থিত হলে বিভিন্ন চিন্তা আমাকে ঘিরে ফেলে (৯) তোমাকে দূরে রাখা আমার দ্বারা সম্ভব নয় (১০) এদিকে এস তবে আমার নিকট বেশিক্ষণ দেরী করোনা (১১) বাজার থেকে তুমি কি কিনতে চাও? (১২) আমি কিছু খাবার কিনতে এসেছি (১৩) তুমি পূর্ণ মঙ্গলের সুসংবাদ গ্রহণ কর (১৪) তুমি আমার সাথে বাড়ী পর্যন্ত চলো তাহলে তুমি যা চাও তা তোমাকে দিব (১৫) তুমি যে কাজের যোগ্য তাহাই কর এবং জলদী কর (১৬) সে তাকে নিয়ে সংকীর্ণ একটি গলি পর্যন্ত ফিরে এল (১৭) তার চেহারায় হাসির রেখা ফুটে উঠল।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ سَلَّ ঃ বাবে نَصَرَ থেকে معروف ماضى এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে কোষমুক্ত করেছে। ✪ اَغْمَدَ বাবে افعال থেকে معروف ماضى এর واحد مذكرغائب এর সীগা। অর্থঃ সে কোষাবদ্ধ করেছে। ✪ تَوَجَّهْ ঃ বাবে تفعل থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ মননিবেশ কর।

✪ اِنْ غِبْتَ عَنِّيْ تَسْتَغْرِقُنِيَ الْاَفْكَارُ ঃ ان হরফে শরত, غِبْتَ ফেলও ফায়েল, عَنِّيْ জার মাজরুর মিলে মুতাআল্লিক, ফেল ফায়েল এবং মুতাআল্লিক মিলে জুমলা পেলিয়া হয়ে শর্ত। تَسْتَغْرِقُ ফেল نِيْ নূনে বেকায়াহ ইয়ায়ে মুতাকাল্লিম মাফউলে বিহ। اَلْاَفْكَارُ ফায়েল, ফেল ফায়েল এবং মাফউলে বিহ মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে জাযা, শর্ত এবং জাযা মিলে জুমলায়ে শর্তিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) مَا اَبْرَكَهُ مِنْ نَهَارٍ (٢) قَسَّرَقَ الدَّهْرُ الْمُشَتِّتُ شَمْلَهُمْ (٣) اَكَلَ قَلِيْلًا لِيَسُدَّرَمَقًا (٤) لَمْ يَزَلْ سَاهِرًا مِنْ كَثْرَةِ الْبَقِّ وَالْقُمَّلِ (٥) مَكَثَ يَنْتَظِرُ اَخَاهُ اِلٰى نِصْفِ النَّهَارِ (٦) صَارَلَا يَعْلَمُ اِلٰى اَيْنَ يَتَوَجَّهُ (٧) ذَهَبَ اِلٰى مَوْضِعٍ يَتَوَارٰى فِيْهِ (٨) لَمْ يَاْكُلْ اِلَّا قَدْرَسَدِّ الرَّمَقِ (٩) هَيِّئْ لَنَا الْمَاكُوْلَ وَالْمَشْرُوْبَ (١٠) لَمْ يَدْرِمَا يَصْنَعُ (١١) اَنَا اَشُدُّ ظَهْرِىْ وَاَخْدِمُكَ (١٢) كَانَ مَهْمُوْمًا يَحْسِبُ فِىْ نَفْسِهِ اَلْفَ حِسَابٍ (١٣) تَقَدَّمَ لِيَاْكُلَ فَلَمْ يَطِبْ لَهُ الْاَكْلُ (١٤) وَجَدَ الْبَابَ مَفْتُوْحًا وَدَخَلَ قَلِيْلًا (١٥) غَمَزَهُ بِاِصْبَعِهِ عَلٰى فَمِهِ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) কি বরকতময় দিন (২) বিচ্ছিন্নকারী যামানা তাদের ঐক্য বিনষ্ট করে দিয়েছে। (৩) সে জীবন রক্ষার পরিমাণ সামান্য খাবার খেয়েছে (৪) ছারপোকা ও মশার আধিক্যের কারণে সে সারা রাত জাগ্রত থাকে (৫) সে তার ভাইয়ের অপেক্ষায় অর্ধরাত পর্যন্ত অবস্থান করেছে (৬) সে জানতনা যে সে কোনদিকে রওয়ানা হবে (৭) সে এমন স্থানে গিয়েছে যেখানে আত্মগোপন করতে পারবে (৮) সে কেবল মাত্র জীবন রক্ষা পরিমাণ আহার করেছে (৯) আমাদের জন্য পানাহার সামগ্রী প্রস্তুত কর (১০) সে জানত না যে সে কি করবে (১১) আমি কোমর বেঁধে আপনার সেবা করব (১২) সে চিন্তিত মনে শত সহস্র হিসেব করে (১৩) সে খাবারের উদ্দেশ্যে অগ্রসর হল কিন্তু খাবার তার মনপুত হয়নি (১৪) সে দরজা খোলা পেয়ে সামন্য একটু প্রবেশ করল (১৫) সে মুখে আংগুল রেখে তাকে ইশারা করল।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ شَمْلَةٌ ঃ চাদর বহুবচন شَمْلَاتٌ - ✪ سَدَّ ঃ বাবে نَصَرَ এর মাসদার। অর্থঃ রক্ষা করা, হেফাজত করা। ✪ اَلْقُمَّلُ ঃ মাছি, ছোট পিপিলিকা বাবে سَمِعَ থেকে অর্থঃ মাথার মধ্যে উকুন হওয়া। ✪ هَيِّئْ ঃ বাবে تفعيل থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি (এক. পু.) প্রস্তুত কর। ✪ مُخَضَّبٌ ঃ বাবে تفعيل থেকে اسم مفعول এর واحدمذكر এর সীগা। অর্থঃ খেজাব লাগানো। রঙ্গীন করা।

✪ لَمْ يَاْكُلْ اِلَّا قَدْرَ سَدِّ الرَّمَقِ ঃ لَمْ হরফে জাযেম, يَاْكُلْ ফেল, هُوَ মুসতাতির ফায়েল, شَيْئًا মাহজুফ মুসতাসনা মিনহু। اِلَّا হরফে ইসতিসনা قَدْرَ মুজাফ, سَدِّ الرَّمَقِ মুজাফ মুজাফ ইলাইহী মিলে আবার মুজাফ ইলাইহী, মুজাফ এবং মুজাফ ইলাইহী মিলে মুসতাসনা। মুসতাসনা মিনহু এবং মুসতাসনা মিলে মাফউলে বিহ, ফেল ফায়েল এবং মাফউলে বিহু মিলে জুমলায়ে ফেলিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) اَنَا اَتَكَفَّلُ لَكَ بِالْاَمَانِ (٢) مُرْنِىْ بِمَا شِئْتَ (٣) اَنَالَا اُخَالِفُكَ اَبَدًا (٤) اِنْ خَا لَفْتَنِىْ اَعْدَمْتُكَ حَيَاتَكَ (٥) خَلَّصْتُ الْعَصَا مِنْ يَدِهٖ وَضَرَبْتُهٗ (٦) اَخَذَ السَّيْفَ وَجَرَّدَهٗ (٧) وَهَمَّ بِقَتْلِهٖ (٨) هٰذَا رَجُلٌ عَمِلَ مَعَنَاخَيْرًا فَكَيْفَ نُجَازِيْهِ بِالْقَتْلِ (٩) لَا كَانَ ذٰلِكَ اَبَدًا (١٠) سَيْفُهٗ مُخَضَّبٌ بِالدَّمِ (١١) اِسْتَخْبَرَهٗ عَنْ اَمْرِهٖ فَاَعَادَ عَلَيْهِ حَدِيْثَهٗ (١٢) وَيْلَكَ اِنَّكَ تَفْعَلُ هٰكَذَا دَائِمًا (١٣) اِحْكِ لِىْ مَا سَبَبُ قَتْلِكَ اِيَّاهُ (١٤) خَلَعَ عَلَيْهِ خَلْعَةً سَنِيَّةً (١٥) اَنْعَمَ عَلَيْهِ بِجَمِيْعِ مَا يُحْتَاجُ اِلَيْهِ (١٦) حَطَّ الثِّيَابَ فِى الصُّنْدُوْقِ (١٧) اِنَّنَا تِهْنَا عَنِ الطَّرِيْقِ -

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) আমি তোমার নিরাপত্তার দায়িত্বভার গ্রহণ করব (২) আমাকে যা ইচ্ছা তাই আদেশ কর (৩) আমি কখনও তোমার বিরোধিতা করবনা (৪) যদি তুমি আমার বিরোধিতা কর তাহলে তোমার জীবন শেষ করে দেব (৫) তার হাত থেকে লাঠি ছিনিয়ে নিয়ে তাকে আঘাত করলাম (৬) সে তলোয়ার নিয়ে কোষ মুক্ত করল (৭) এবং তাকে হত্যা করতে উদ্যত হল (৮) লোকটি আমাদের সাথে উত্তম আচরণ করেছে সুতরাং হত্যার মাধ্যমে আমরা কিভাবে তার প্রতিদান দিব? (৯) এটা কখনো সম্ভব নয় (১০) তার তরবারী রক্তে রতি (১১) সে তার ব্যাপারে তার নিকট সংবাদ জানতে চাইল সে ব্যাপারটি তার নিকট পুনরোল্লেখ করল (১২) সাবধান! তুমি সর্বদা এমন কর (১৩) তুমি তাকে হত্যার কারণটি আমাকে খুলে বল (১৪) সে তাকে উত্তম পোষাক উপহার দিয়েছে (১৫)তার যে সমস্ত জিনিষের প্রয়োজন সবগুলো সে তাকে দান করেছে (১৬) সে জামা কাপড় বাক্সে রেখেছে (১৭) আমরা পথভ্রষ্ট হয়েছি (আমরা রাস্তা ভুলে গিয়েছি)।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ اَتَكَفَّلُ ঃ বাবে تفعل থেকে مضارع معروف এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি দায়িত্বভার গ্রহণ করব। ✪ مُخَضَّبٌ ঃ বাবে تفعيل থেকে اسم مفعول এর واحدمذكر এর সীগা। অর্থঃ খেজাব লাগানো। রঙ্গীন করা। ✪ اُحْكِ ঃ বাবে ضَرَبَ থেকে امرمعروف এর واحد مذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি আমাকে বর্ণনা কর। ✪ خلع ঃ বাবে فَتَحَ থেকে ماضى معروف এর واحد مذكرغائب এর সীগা। সে পরিধান করিয়েছে। ✪ تِهْنَا ঃ বাবে ضَرَبَ থেকে ماضى معروف এর جمع متكلم এর সীগা। অর্থঃ আমরা রাস্তা ভুলে গিয়েছি।

✪ اِنْ خَالَفْتَنِىْ اَعْدَمْتُكَ حَيَاتَكَ ঃ اِنْ হরফে শর্ত, خَالَفْتَ ফেয়েল ও ফায়েল (ن) ওয়াকায়া ى মাফউল فعل তার ফায়েল এবং মাফউলে বিহ মিলে শর্ত। اَعْدَمْتُ ফেয়েল ও ফায়েল كَ মুবদাল মিনহু, حَيَاتَكَ বদল। বদল মুবদাল মিনহু মিলে মাফউলে বিহী ফেয়েল তার ফায়েলএবং মাফউলে বিহী মিলে। جزا শর্ত এবং জাযা মিলে যুমলায়ে শরতিয়া।

www.e-ilm.weebly.com

(١) اِسْتَلْقٰى عَلٰى قَفَاهُ وَلِبَاسُهٗ مَحْلُوْلٌ (٢) دَارُوْحَوْلَ الْبُسْتَانِ (٣) صَارَيَرْكُضُ جَوَادَهٗ وَيَصْعَدُ الْجِبَالَ (٤) لَا حَتْ عَلَيْهِ اٰثَارُ الْعِشْقِ (٥) اَفْشٰى سِرَّهٗ لِبَعْضِ اَصْحَابِهٖ (٦) نَامَ الْقَوْمُ مَحْزُوْنِيْنَ (٧) قَدْ يَئِسُوْا مِنَ الْحَيٰوةِ وَاَيْقَنُوْا بِالْوَفَاةِ (٨) اَللّٰهُ يَرْمِىْ كَيْدَهٗ فِىْ نَحْرِهٖ (٩) قِفْ مَكَانَكَ حَتّٰى اَعُوْدَ اِلَيْكَ (١٠) اَنْجِزْ مَا وَعَدْتَنِىْ (١١) لَا اَرْحَلُ حَتّٰى اَبْلُغَ اَمَلِىْ (١٢) تَفَرَّقُوْا حَوْلَ الْاَعْدَاءِ (١٣) حَاجِبَاهُ غَطَّيَا عَيْنَيْهِ وَشَارِبَاهُ غَطَّيَا فَمَهٗ (١٤) خَطَفَهٗ مِثْلَ مَا يَخْطِفُ الْبَاشِقَ الْعُصْفُوْرَ (١٥) اَلشَّجَاعَةُ تَلُوْحُ بَيْنَ عَيْنَيْهِ (١٦) طَيَّبَ قَلْبَهٗ وَطَمَّنَهٗ (١٧) اِصْبِرْحَتّٰى اُهَيِّأَحَالِىْ ـ

আরবীর বাংলা অনুবাদঃ (১) সে কাপড় খোলা অবস্থায় চিৎ হয়ে শুয়ে পড়েছে (২) তারা বাগানের আশে পাশে ঘুরে বেড়িয়েছে (৩) সে তার ঘোড়াকে পায়ের গোড়ালী দ্বারা আঘাত করতে করতে পাহাড়ে উঠতে থাকে (৪) তার মাঝে প্রেমের নিদর্শনাবলী ফুটে উঠেছে (৫) সে কতক বন্ধু-বান্ধবদের নিকট তার রহস্য প্রকাশ করেছে (৬) চিন্তিতাবস্থায় জাতী নিদ্রামগ্ন হয়েছে (৭) তারা মৃত্যুর ব্যাপারে নিশ্চিত হয়ে জীবনের আশা ছেড়ে দিয়েছে (৮) আল্লাহ তায়ালা তার ষড়যন্ত্রকে তার বুকেই নিক্ষেপ করবেন (৯) আমি ফিরে আসা পর্যন্ত তুমি স্ব-স্থানে অবস্থান কর (১০) আমাকে দেয়া আপনার প্রতিশ্রুতি পূর্ণ করুন (১১) আমার আশা পূর্ণ না হওয়া পর্যন্ত আমি যাত্রা করব না (১২) তারা শত্রুদের চতুর্দিকে ছড়িয়ে পড়েছে (১৩) তার ভ্রুঁ চক্ষুযুগলকে এবং গোফ তার মুখ মণ্ডলকে আবৃত করে ফেলেছে (১৪) সে তাকে এমন ভাবে থাবা মেরেছে যেভাবে বাজ পাখি চড়ুই পাখিকে ছো মেরে নিয়ে যায় (১৫) বীরত্ব তার দুনয়নের মাঝে ঝলমল করছে (১৬) সে তার মনকে প্রবোধ ও শান্তনা দিয়েছে (১৭) আমি তৈরী হওয়া পর্যন্ত তুমি ধৈর্য ধারণ কর।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ اَلْبُسْتَانُ ঃ বাগান, পার্ক। বহুঃ بَسَاتِيْنُ । ✪ قِفْ ঃ বাবে ضَرَبَ থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ তুমি অবস্থান কর। ✪ اَفْشٰى ঃ বাবে افعال থেকে ماضى معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে প্রকাশ করে দিয়েছে। ✪ يئسوا ঃ বাবে ضرب থেকে مضارع معروف এর جمع مذكر غائب এর সীগা। অর্থঃ তারা আশা ছেড়েদিয়েছে। ✪ أنجز ঃ বাবে افعال থেকে امر معروف এর واحدمذكرحاضر এর সীগা। অর্থঃ আপনি পূর্ণ করুন।

✪ اصبر حتى اهيأ حالى ঃ اصبر ফেলে আমর, انت যমীরে মুসতাতিরে ফায়েল, حتى হরফে নাসেব। اهيأ ফেলে মুজারে। انا যমীরে মুসতাতির ফায়েল, حالى মুজাফ, মুজাফ ইলাইহী মিলে মাফউলে বিহ, ফেল ফায়েল এবং মাফউলে বিহ মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে বাতাবিলে মাসদার মাফউলে ফিহ, ফেল ফায়েল এবং মাফউলে ফিহ মিলে জুমলায়ে ফেলিয়ায়ে ইনশাইয়্যাহ হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) لَا يَشْبَعُ نَظْرَهُ مِنْ حَبِيْبِهِ (٢) خَلَّصْتُهُ مِنْ مَخَالِبِ الْأَسَدِ (٣) شَلَّ اللّٰهُ يَدَكَ عَلٰى مَا فَعَلْتَ (٤) اِنْفَرَقَ بَعْضُهُمْ عَنْ بَعْضٍ (٥) رَجَعَتْ كُلُّ طَائِفَةٍ اِلٰى خِيَامِهَا (٦) اِنْصَرَفَ كُلُّ اِنْسَانٍ اِلٰى مَضْجَعِهِ (٧) رَشُّوْا عَلَيْهِ مَاءَ الْوَرْدِ (٨) اَلْقَاهُ عَلَى الْاَرْضِ مِثْلَ جَذْعِ النَّخْلَةِ (٩) كَانَ قَلْبُهُ لَانَ لِلْاِسْلَامِ (١٠) نَظَرْتُ قَصْرًا يُحَيِّرُ الْاَفْكَارَ (١١) اِنْدَهَشْتُ مِنْ حُسْنِهِ (١٢) اِنَّهُ مَبْنِيٌّ بِطُوْبَةٍ مِّنْ فِضَّةٍ وَطُوْبَةٍ مِّنْ ذَهَبٍ (١٣) اَلْيَوْمَ اٰخِرُ اَيَّامِكَ مِنَ الدُّنْيَا (١٤) رَبَّتْهُ الْقَوَابِلُ وَالْخُدَّامُ (١٥) لَا تُخَلُّوْا اَحَدًا يَنْفَلِتْ مِنْ اَيْدِيْكُمْ ـ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) বন্ধুর দর্শনে তার তৃপ্তি মেটেনা (২) আমি তাকে সিংহের থাবা থেকে মুক্তি দিয়েছি (৩) তোমার কৃতকর্মের কারণে আল্লাহ তোমার হাতকে অকেজো করে দিন (৪) তারা পরস্পরে বিচ্ছিন্ন হয়েছে (৫) প্রত্যেক গোত্র স্বীয় তাঁবুতে প্রত্যাবর্তন করেছে (৬) প্রত্যেকে স্বীয় শয্যায় ফিরে এসেছে (৭) তারা তার উপর গোলাপের পানি ছিটিয়ে দিয়েছে (৮). খেজুর বৃক্ষের শাখার ন্যায় সে তাকে মাটিতে নিক্ষেপ করেছে (৯) তার হৃদয় ইসলামের জন্য কোমল হয়েছিল (১০) আমি একটি প্রাসাদ দেখেছি যা বিবেককে হতবাক করে দেয় (১১) তার সৌন্দর্য্যে আমি আভিভূত (১২) প্রাসাদটির একটি ইট স্বর্ণ ও একটি ইট রৌপ্য দ্বারা নির্মিত (১৩) আজ তোমার পার্থিব জীবনের শেষ দিন (১৪) ধাত্রী ও সেবকরা তার প্রতিপালন করেছে (১৫) কাউকে ছেড়োনা তাহলে সে তোমাদের হাত ছাড়া হবে।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ لَايَشْبَعُ ঃ বাবে سَمِعَ থেকে نفى مضارع معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে তৃপ্ত হয়না। ✪ خَلَّصْتُ ঃ বাবে تفعيل থেকে ماضى معروف এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি মুক্তি দিয়েছি। ✪ رَشُّوْا ঃ বাবে نَصَرَ থেকে ماضى معروف এর جمع مذكرغائب এর সীগা। অর্থঃ তাহারা পানি ছিটিয়েছে। ✪ مضجع ঃ বাবে فتح থেকে اسم ظرف এর واحد এর সীগা। শয্যা। ✪ اِنْدَهَشْتُ ঃ বাবে انفعال থেকে ماضى এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি অভিভূত হয়েছি।

✪ نَظَرْتُ قَصْرًا يُحَيِّرُ الْاَفْكَارَ ঃ نَظَرْتُ ফেয়েল ফায়েল। قَصْرًا মাউসূফ, يُحَيِّرُ ফেল هُوَ যমীরে মারফুয়ে মুত্তাসিল মুসতাতির ফায়েল। اَلْاَفْكَارَ মাফউলে বিহ। ফেল ফায়েল মাফউলে বিহ মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে সিফাত। মাউসূপ সিফাত মিলে মাফউল। ফেল তার ফায়েল এবং মাফউলে বিহ মিলে জুমলায়ে ফেলিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) دُمُوعُهُ نَازِلَةٌ عَلٰى خَدَّيْهِ (٢) هُوَ مُنْعَزِلٌ عَنِ النَّاسِ (٣) اِسْتَضَافَ عِنْدَهُ ثَلٰثَةَ اَيَّامٍ (٤) غَدًا نَبْعَثُ اِلَيْهِمْ وَنَنْظُرُ مَاذَا يَرْجِعُوْنَ (٥) مِنْ كَثْرَةِ عِشْقِىْ وَالْغَرَامِ لَمْ اَذُقْ طَعْمَ الْمَنَامِ (٦) اِنِّىْ فِىْ لَيْلِىْ سَهْرَانٌ وَفِىْ نَهَارِىْ حَيْرَانٌ (٧) اَلْبَلَاءُ لِمَنْ يَئِسٌ مِنْ حَيَاتِهٖ وَاَيْقَنَ بِحُلُوْلِ وَفَاتِهٖ (٨) مَا لِقَلْبِهِ الْحَزِيْنِ مِنْ مُسْعِفٍ وَلَا مُعِيْنٍ (٩) مَا لِطَرْفِهِ السَّاهِرِ عَلَى الْهَمِّ نَاصِرٌ (١٠) نَهَارُهٗ فِىْ لَهِيْبٍ وَلَيْلُهٗ فِىْ تَعْذِيْبٍ (١١) ضَعُفَ جِسْمُهٗ مِنْ كَثْرَةِ النُّحُوْلِ (١٦) لَمْ يَاْتِهٖ مِنْ حَبِيْبِهٖ رَسُوْلٌ۔

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) অশ্রু তার মুখমণ্ডলে গড়িয়ে পড়ছে। (২) সে মানুষ থেকে বিচ্ছিন্ন (৩) সে তার নিকট তিন দিনের আতিথেয়তা কামনা করেছে (৪) আগামী কাল আমরা তাদের নিকট পাঠাব এবং দেখব কি ফেরৎ আসে (৫) প্রেমপ্রীতি ও ভাল বাসার আধিক্যের কারণে নিদ্রার স্বাদ গ্রহণ করতে পারিনি (৬) আমি রাত্রে থাকি জাগ্রত আর দিনে থাকি চিন্তিত (৭) বিপদ ঐ ব্যক্তির জন্য যে স্বীয় জীবন সম্পর্কে নিরাশ হয়েছে এবং মৃত্যুর আগমন সম্পর্কে নিশ্চিত হয়েছে (৮) তার চিন্তিত হৃদয়ের না আছে কোন সহানুভূতিশীল আর না আছে কোন সাহায্যকারী (৯) চিন্তার কারণে বিনিদ্র চক্ষুর কোন সাহায্যকারী নেই (১০) তার দিন অতিবাহিত হয় অগ্নি শিখার মাঝে আর রাত্রি অতিবাহিত হয় শাস্তির মাঝে (১১) ক্লান্তির কারণে তার শরীর দূর্বল হয়ে পড়েছে (১২) তাঁর নিকট তার বন্ধুর পক্ষ থেকে কোন সংবাদ বাহক আসেনি।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ مُنْعَزِلٌ ঃ বাবে انفعال থেকে اسم فاعل এর واحدمذكر এর সীগা। অর্থ ঃ সে বিচ্ছিন্ন। ✪ اِسْتَضَافَ ঃ বাবে استفعال থেকে ماضى معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে আতিথেয়তা কামনা করেছে। ✪ لَمْ اَذُقْ ঃ বাবে نصر থেকে نفى جحد بلم এর واحدمتكلم এর সীগা। অর্থঃ আমি স্বাদ গ্রহণ করতে পারিনি। ✪ مُسْعِفٌ ঃ বাবে افعال থেকে اسم فاعل এর واحد مذكر এর সীগা। অর্থঃ সহানুভূতিশীল। ✪ مُعِيْنٌ ঃ বাবে افعال থেকে اسم فاعل এর واحدمذكر এর সীগা। অর্থঃ সাহায্য কারী।

✪ دُمُوْعُهٗ نَازِلَةٌ عَلٰى خَدَّيْهِ ঃ دُمُوْعُهٗ মুজাফ এবং মুজাফ ইলাইহী মিলে মুবতাদা। نَازِلَةٌ শিবাহ ফেল, هِىَ মুসতাতির ফায়েল, عَلٰى হরফে জার, خَدَّيْهِ মুজাফ মুজাফ ইলাইহী মিলে মাজরুর, জার মাজরুর মিলে মুতাআল্লিক, শিবাহ ফেল তার ফায়েল এবং মুতাআল্লিক মিলে খবর। মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) شِفَاءُ الْقُلُوْبِ لِقَاءُ الْمَحْبُوْبِ (٢) مَنْ جَفَاهُ حَبِيْبُهُ فَاللّٰهُ طَبِيْبُهُ (٣) مَنْ خَانَ مِنْكُمْ وَمِنَّا لَا نَالَ مَايَتَمَنّٰى (٤) اَقْلَقَهُ الشَّوْقُ وَالْغَرَامُ (٥) هُوَ اَسِيْرُ الْوَجْدِ وَالْهِيَامِ (٦) اِنَّ صُدُوْرَ الْاَحْرَارِ قُبُوْرُ الْاَسْرَارِ (٧) مَا حَمَلَكَ عَلٰى طَلَبِ الْاَسْفَارِ وَاقْتِحَامِ الْاَخْطَارِ (٨) اَنْتَ فِىْ غَايَةِ الْاِكْرَامِ وَتَزَايُدِ الْاِنْعَامِ (٩) كَيْفَ لَا تَخْشٰى مِنَ الْحَرَامِ وَارْتِكَابِ الْاٰثَامِ (١٠) لَوْ وَصَفْتُ مَا عَنِّىْ مِنَ الْاَشْوَاقِ لَضَاقَتْ عَنْهُ الْاَوْرَاقُ (١١) حُبُّهُ اَذَابَ جِسْمِىْ وَمَزَّقَ جِلْدِىْ وَعَظْمِىْ ـ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) মাহবুবের সাক্ষাতে হৃদয় আরোগ্য লাভ করে (২) যার বন্ধু তার সাথে অসদ্ব্যবহার করে আল্লাহই তার চিকিৎসক (৩) তোমাদের এবং আমাদের মধ্য হতে যে খিয়ানত করে তার আকাংখা পূর্ণ হবে না (৪) উৎসাহ উদ্দীপনা ও আগ্রহ তাকে অস্থির করে তুলেছে (৫) সে ভাবও প্রেমের কয়েদী (৬) নিশ্চয় স্বাধীন লোকদের বক্ষ রহস্যের সমাধি (৭) কিসে তোমাকে উদ্বুদ্ধ করল, ভ্রমণ করতে ও নিজেকে বিপদে নিপতিত করতে (৮) তুমি অতিশয় অনুকম্পা ও অধিক নেয়ামতের মধ্যে রয়েছ (৯) হারাম ও পাপ কার্যে লিপ্ত হতে তোমার ভয় হয় না কেন? (১০) যদি আমি আমার মনের সকল উৎসাহ উদ্দিপনা বর্ণনা করি তাহলে তা খাতায় সংকুলান হবে না (১১) তার ভালবাসা আমার শরীরকে বিগলিত করেছে এবং চর্ম ও হাড় চূর্ন বিচুর্ণ করেছে।

কয়েকটি গুরুত্ব পূর্ণ তাহকীক ও তারকীব

✪ خَانَ ঃ বাবে (س ـ ض) থেকে ماضى معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ সে খেয়ানত করেছে। ✪ يَتَمَنّٰى ঃ বাবে تفعل থেকে مضارع معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ আকাংখা করা। ✪ اَقْلَقَ ঃ বাবে افعال থেকে ماضى معروف এর واحدمذكرغائب এর সীগা। অর্থঃ অস্থির করে ফেলা। ✪ اِقْتِحَامٌ ঃ বাবে افتعال এর মাসদার। অর্থঃ নিপতিত করা। সম্মুখিন করা। ✪ الْاَخْطَارُ ঃ ইহা خَطَر এর বহুবচন। অর্থঃ বিপদাপদ।

✪ مَنْ جَفَاهُ حَبِيْبُهُ فَاللّٰهُ طَبِيْبُهُ ঃ مَنْ ইসমে মওসূল, جَفَا ফেলে মাজী ، মাফউলে বিহ, حَبِيْبُهُ মুজাফ মুজাফ ইলাইহী মিলে ফায়েল, ফেল ফায়েল মাফউল মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে সিলা। মওসূল সিলা মিলে মুবতাদা, فَا নাতিজাহ্ , لفظ الله মুবতাদা, طَبِيْبُهُ মুজাফ মুজাফ ইলাইহী মিলে খবর, মুবতাদা এবং খবর মিলে জুমলা ইসমিয়া হয়ে আবার খবর। মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) مَنْ لَمْ يَنْظُرْفِى الْعَوَاقِبِ مَا الدَّهْرُلَهُ بِصَاحِبٍ (٢) هُوَ وَاقِفٌ بِالْاُمُوْرِ وَتَقَلُّبَاتِ الدُّهُوْرِ (٣) هَجَرَ الْاَحْبَابُ وَالْخُلَّانُ وَانْقَطَعَ فِىْ بَيْتِ الْاَحْزَانِ (٤) اَصْبَحَ الصَّبَاحُ وَضَاءَ بِنُوْرِهٖ وَلَاحَ (٥) دُقَّتِ الطَّبُوْلُ وَصَهَلَتِ الْخُيُوْلُ (٦) تَقَدَّمَ الشُّجَاعُ وَهَجَمَ وَوَلَّى الْجَبَانُ وَانْهَزَمَ (٧) جَرٰى لِىْ حَدِيْثٌ غَرِيْبٌ وَاَمْرٌ عَجِيْبٌ (٨) لَوْ كُتِبَ بِالْاِبْرَةِ عَلٰى اٰمَاقِ الْبَصَرِ لَكَانَ عِبْرَةً لِمَنْ اِعْتَبَرَ(٩) عِلْمٌ لَا يَنْفَعُ كَدَوَاءٍ لَايَنْجَعُ ـ

আরবীর বাংলা অনুবাদঃ (১) যে পরিণাম চিন্তা করে না যামানা তার সঙ্গ দেয় না (২) সে কালের বিবর্তনাদী ও ঘটনাবলী সম্পর্কে জ্ঞাত (৩) সে বন্ধু বান্ধব থেকে বিচ্ছিন্ন হয়ে চিন্তা-ভাবনার ঘরে একাকিত্ব গ্রহণ করেছে (৪) ভোর হয়েছে এবং তার আলোতে আলোকিত ও উজ্জল হয়েছে (৫) বাদ্য যন্ত্র বাজানো হয়েছে এবং ঘোড়া হিঃ হিঃ শব্দ করে উঠেছে (৬) বীর ব্যক্তি অগ্রসর হয়ে প্রতিহত করেছে, আর কাপুরুষ পিছু হটে পরাজয় বরণ করেছে (৭) আমি একটি নতুন সমস্যায় এবং আশ্চর্য বিষয়ের সম্মুখীন হয়েছি (৮) যদি তা সুচের অগ্রভাগ দিয়ে চোখের কিনারায় লিখা হয় তাহলে উপদেশ গ্রহণকারীদের জন্য উহা উপদেশ (৯) যে বিদ্যা উপকারে আসেনা তা এমন ঔষধের ন্যায় যা রোগ আরোগ্য করতে পারে না।

কয়েকটি গুরুত্বপূর্ণ তাহকীক ও তারকীব

✪ اَلْعَوَاقِبُ ঃ ইহা عَاقِبَةٌ এর বহুবচন। অর্থঃ পরিণাম। বাবে (ض – ن) গোড়ালিতে আঘাত করা। ✪ تَقَلُّبَاتٌ ঃ ইহা تَقَلُّبَةٌ এর বহুবচন। অর্থঃ আবর্তন বিবর্তন। ✪الدُّهُوْرُঃ ইহা دَهْرٌ এর বহুবচন। অর্থঃ কাল, জামানা। ✪ هَجَرَ ঃ বাবে نَصَرَ এর মাসদার অর্থঃ বিচ্ছিন্ন হওয়া। ✪ اَلْخُلَّانُ ঃ ইহা خَلِيْلٌ এর বহুবচন। অর্থঃ দোস্ত, বন্ধু। ✪ ضَاءَ ঃ বাবে ضَرَبَ থেকে মাজী ওয়াহেদে মুযাক্কারে গায়েবের সীগা। অর্থঃ আলোকিত হয়েছে। ✪ لَاحَ ঃ বাবে نَصَرَ থেকে واحد مذكرغائب এর সীগা। অর্থঃ উদ্ভাসিত হওয়া।✪ شجاع বীর, বাহাদুর । ✪ جُبَانٌ কাপুরুষ। ✪ اِبْرَةٌ ঃ সূঁই, সুচ। ✪ اَمَاقٌ ঃ اُمُقٌّ এর বহুবচন। নয়ন কোন, চখের কোনা।

✪ عِلْمٌ لَا يَنْفَعُ كَدَوَاءٍ لَا يَنْجَعُ ঃ عِلْمٌ মুবতাদা, لَا يَنْفَعُ ফেল, هُوَ যমীরে মুসতাতির ফায়েল, كاف হরফে জার, دَوَاء মওসূফ, لَايَنْجَعُ ফেল, هُوَ মুসতাতির ফায়েল, ফেল ফায়েল মিলে জুমলায়ে ফেলিয়া হয়ে সিফাত, মওসূফ এবং সিফাত মিলে মাজরুর, জার মাজরুর মিলে মুতাআল্লিক, ফেল তার ফায়েল এবং মুতাআল্লিক মিলে জুমলায়ে ফেলিয়াহ হয়ে খবর। মুবতাদা এবং খবর মিলে জুমলায়ে ইসমিয়ায়ে খবরিয়া হয়েছে।

www.e-ilm.weebly.com

(١) بِرُكُوْبِ الْاَهْوَالِ تُكْتَسَبُ الْاَمْوَالُ (٢) صَلَاحُ الْاِنْسَانِ فِىْ حِفْظِ اللِّسَانِ (٣) مَنْ لَزِمَ الرُّقَادَ عَدِمَ الْمُرَادَ (٤) اِذَا ذَهَبَ الْحَيَاءُ حَلَّ الْبَلَاءُ (٥) مَنْ نَظَرَ فِى الْعَوَاقِبِ سَلِمَ مِنَ النَّوَائِبِ (٦) مَنْ حَفَرَ الْبِيْرَلِاَخِيْهِ فَقَدْ وَقَعَ فِيْهِ (٧) رَاحَةُ الْجِسْمِ فِىْ قِلَّةِ الطَّعَامِ وَرَاحَةُ الْقَلْبِ فِىْ قِلَّةِ الْاِهْتِمَامِ وَرَاحَةُ اللِّسَانِ فِىْ قِلَّةِ الْكَلَامِ -

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) বহু কষ্ট ক্লেশের মাধ্যমে সম্পদ অর্জিত হয় (২) মানুষের সংশোধন জিহ্বার নিরাপত্তায় নিহিত (৩) যে নিদ্রা অবলম্বন করেছে সে উদ্দেশ্য হারিয়ে ফেলেছে (৪) যখন লজ্জা লোপ পায় তখন বিপদ অবতীর্ণ হয় (৫) যে পরিণাম চিন্তা করে সে বিপদ মুক্ত থাকে (৬) যে নিজ ভাইয়ের জন্য কূপ খনন করে সে নিজেই তাতে পতিত হয় (৭) শারিরীক সুস্থতা অল্প আহারে এবং মানসিক সুস্থতা অল্প ব্যস্ততায় এবং জিহবার সুস্থতা অল্প কথা বলার মাঝে নিহিত রয়েছে।

কয়েকটি গুরুত্বপূর্ণ তাহকীক ও তারকীব

✪ اَهْوَالٌ ঃ هَوْلٌ এর বহুবচন। ভয়-ভীতি। ✪ اَلْعَوَاقِبُ ঃ عَاقِبَةٌ এর বহুবচন। শুভ পরিণাম। ✪ اَلنَّوَائِبُ ঃ نَائِبَةٌ এর বহুবচন। বিপদাপদ, মুসিবত।

✪ اِذَا ذَهَبَ الْحَيَاءُ حَلَّ الْبَلَاءُ ঃ (ক) اِذَا ইসমে যরফ শর্থের জন্য, মাফউলে বীহ মুকাদ্দাম। ذَهَبَ ফেয়েল اَلْحَيَاءُ ফায়েল। ফেয়েল ফায়েল এবং মাফউলে ফীহ মিলে জুমলা হয়ে শর্ত। حَلَّ ফেয়েল اَلْبَلَاءُ ফায়েল। ফেয়েল ফায়েল মিলে জুমলা হয়ে جزا এবং شرط মিলে جملہ شرطیہ جزائیہ। -

(খ) اِذَا ইসমে যরফ মুজাফ ذَهَبَ اَلْحَيَاءُ ফেয়েল ফায়েল মিলে জুমলা হয়ে মুজাফ ইলাইহি। মুজাফ মুজাফ ইলাইহি মিলে মাফউলে ফীহ মুকাদ্দাম। حَلَّ ফেয়েল, اَلْبَلَاءُ ফায়েল। ফেয়েল তার ফায়েল এবং মাফউলে ফীহ মিলে জুমলায়ে ফেলিয়া খবরিয়া হয়েছে।

✪ مَنْ حَفَرَ الْبِيْرَ لِاَخِيْهِ فَقَدْوَقَعَ فِيْهِ ঃ مَنْ মুবতাদা মুতাজাম্মেন মা'নায়েশর্ত حَفَرَ ফেল هُوَ যমীরে মারফুয়ে মুত্তাসিল মুসতাতির ফায়েল। اَلْبِيْرَ মাফউলে বিহ। لِاَخِيْهِ মুতাআল্লিক। অতঃপর جملہ فعلیہ হয়ে শর্ত। (ف) জাঝাইয়্যাহ। فَقَدْوَقَعَ ফেল-ফায়েল। فِيْهِ মুতা'আল্লেক, ফেল তার ফায়েল এবং মুতাআল্লেক মিলে জুমলায়ে ফেলিয়্যাহ হয়ে جزا - شرط এবং جزا মিলে জুমলায়ে শরতিয়্যাহ।

www.e-ilm.weebly.com

الباب الثالث فى النوادر والامثال

(١) اَوَّلُ النَّاسِ اَوَّلُ نَاسٍ (٢) اٰفَةُ الْعِلْمِ النِّسْيَانُ (٣) اَلْجَهْلُ مَوْتُ الْاَحْيَاءِ (٤) اَلنَّاسُ اَعْدَاءُ لِمَاجَهِلُوْا (٥) اَلْعَاقِلُ تَكْفِيْهِ الْاِشَارَةُ (٦) اَلْعُجْبُ اٰفَةُ اللُّبِّ (٧) اِذَاتَمَّ الْعَقْلُ نَقَصَ الْكَلَامُ (٨) اَلْاَدَبُ جُنَّةٌ لِلنَّاسِ (٩) اَلْحِرْصُ مِفْتَاحُ الذُّلِّ (١٠) اَلْقَنَاعَةُ مِفْتَاحُ الرَّاحَةِ (١١) الصَّبْرُ مِفْتَاحُ الْفَرَجِ (١٢) اَلنَّقْدُ خَيْرٌ مِّنَ النَّسِيْئَةِ (١٣) اَلْجَاهِلُ يَرْضٰى عَنْ نَفْسِهٖ (١٤) اَلسَّعِيْدُ مَنْ وُعِظَ بِغَيْرِهٖ (١٥) اَلنَّاسُ بِاللِّبَاسِ (١٦) اَلنَّاسُ عَلٰى دِيْنِ مُلُوْكِهِمْ (١٧) اَلْقَرْضُ مِقْرَاضُ الْمَحَبَّةِ (١٨) اَلْاَمَانِىُّ تُعْمِىْ عُيُوْنَ الْبَصَائِرِ ـ

আরবীর বাংলা অনুবাদ
তৃতীয় অধ্যায়
দুর্লভ বানী ও প্রবাদ বাক্যসমূহ

(১) প্রথম মানুষ প্রথম ভুলের শিকার (২) ইলমের বিপদ হলো ভুলে যাওয়া (৩) মূর্খতা জীবীতদের জন্য মৃত্যু স্বরূপ (৪) মানুষ ঐ জিনিষের শত্রু যা সে জানে না (৫) জ্ঞানী ব্যক্তির জন্য ইশারাই যথেষ্ট (৬) আত্ব গর্ব জ্ঞানের বিপদ (৭) বিবেক পরিপূর্ণ হলে কথা কমে যায় (৮) শিষ্টাচার মানুষের জন্য ঢাল স্বরূপ (৯) লোভ লালসা অপমানের চাবিকাটি (১০) অল্পে তুষ্টি সুখ-শান্তির চাবিকাটি(১১) ধৈর্য্য প্রশস্তার চাবি কাটি (১২) নগদ বাকীর চেয়ে উত্তম (১৩) মূর্খ ব্যক্তি নিজেকে নিয়েই সন্তুষ্ট থাকে (১৪) সৌভাগ্য বান সে যে অপরের কাছ থেকে উপদেশ গ্রহণ করে (১৫) মানুষের পরিচয় পোশাকে (১৬) জনগণ স্বীয় বাদশাহর ধর্মের অনুসারী হয় (১৭) ঋণ মুহব্বতের জন্য কাঁচি স্বরূপ (১৮) অধিক বাসনা জ্ঞানিদের চক্ষু অন্ধ করে দেয়।

শব্দার্থ ঃ

اَلنَّوَادِرُ ঃ نَادِرَةٌ এর বহুবচন। অদ্ভুত বাক্য। দুষ্প্রাপ্ত, অনন্য, উত্তম। اَمْثَالٌ ঃ مِثْل এর বহুবচন। অনুরূপ, কাহিনী, প্রচলিত কথা, উপদেশ, اٰفَةٌ ঃ আপদ, বিপদ, ক্ষতি, দুযোর্গ, মহামারী। اَلنِّسْيَانُ ঃ ভুলে যাওয়া, বিস্মৃত হওয়া। اَلْجَهْلُ ঃ অজ্ঞতা, মূর্খতা, নির্বুদ্ধিতা اَعْدَاء ঃ عَدُوّ এর বহুবচন। শত্রু, দুশমন, বেরী, বিপক্ষ। اَلْعَاقِلُ ঃ বুদ্ধিমান, জ্ঞানী, বোধশক্তি সম্পন্ন। বহুবচন عُقَلَاء - عَاقِلُوْنَ ঃ اَلْاِشَارَةُ ঃ ইশারা, ইঙ্গিত, সঙ্কেত। বহুবচন الْاِشَارَات - اَلْعُجْبُ ঃ আত্মপ্রীতি, অহংকার। اَللُّبُّ ঃ বুদ্ধিজ্ঞান, বুৎপত্তি, অন্তর। বহুবচন اَلْبَاب - جُنَّة ঃ ঢাল, রক্ষাবর্ম, আশ্রয়, রক্ষা। اَلذُّلُّ ঃ লাঞ্ছনা, অবমাননা, হীনতা, নীচতা, اَلْقَنَاعَةُ ঃ তুষ্টি, তৃপ্তি, সন্তুষ্টি, পরিতৃপ্তি, প্রত্যয়

www.e-ilm.weebly.com

(١) اَلْحِلْمُ سَجِيَّةٌ فَاضِلَةٌ (٢) اَلْحَمِيَّةُ رَأْسُ كُلِّ دَوَاءٍ (٣) اَلْمَرْءُ يَقِيْسُ عَلٰى نَفْسِهٖ (٤) اَلْجِنْسُ يَمِيْلُ اِلَى الْجِنْسِ (٥) اَلْكَرِيْمُ اِذَا وَعَدَوَفٰى (٦) اَلْحِكْمَةُ تَزِيْدُ الشَّرِيْفَ شَرَفًا (٧) اَلدُّنْيَا بِالْوَسَائِلِ لَابِالْفَضَائِلِ (٨) اَلدُّنْيَا مَزْرَعَةُ الْاٰخِرَةِ (٩) اَلْاِنْسَانُ حَرِيْصٌ فِيْمَا مُنِعَ (١٠) اَلْاِنْسَانُ عَبْدُ الْاِحْسَانِ (١١) اَلصِّدْقُ يُنْجِىْ وَالْكِذْبُ يُهْلِكُ (١٢) اَحْسِنْ كَمَا اَحْسَنَ اللّٰهُ اِلَيْكَ (١٣) اِنَّ الْبَلَاءَ مُوَكَّلٌ بِالْمَنْطِقِ (١٤) اَبْصَرُ النَّاسِ مَنْ نَظَرَ اِلٰى عُيُوْبِهٖ (١٥) اَلْفَرَاغُ مِنْ شَأْنِ الْاَمْوَاتِ (١٦) وَالْاِشْتِغَالُ مِنْ شَأْنِ الْاَحْيَاءِ (١٧) اَلدَّالُّ عَلَى الْخَيْرِ كَفَاعِلِهٖ (١٨) اَلْقَلَمُ شَجَرَةٌ ثَمَرُهَا الْمَعَانِىْ ـ

আরবীর বাংলা অনুবাদ ঃ (১) গাম্ভির্য একটি উত্তম স্বভাব (২) পথ্য মেনে চলা সকল ঔষধের মূল (৩) মানুষ নিজের সাথে তুলনা করে (৪) জাতী স্বজাতীর দিকেই আকৃষ্ট হয় (৫) গুণীজন ওয়াদা করলে পূরণ করেন (৬) প্রজ্ঞা ভদ্রলোকের ভদ্রতা বাড়িয়ে দেয় (৭) পার্থিব ধন-সম্পদ অর্জিত হয় ওছিলার ভিত্তিতে, মর্যাদার ভিত্তিতে নয় (৮) পার্থিব জগত পরকালের ক্ষেত্র স্বরূপ (৯) মানুষ নিষিদ্ধ বস্তুর প্রতি লোভী (১০) মানুষ অনুগ্রহের গোলাম (১১) সততা মুক্তি দেয় আর মিথ্যা ধ্বংস করে (১২) তুমি দয়া কর যেমন আল্লাহতাআলা তোমার প্রতি দয়া করেছেন (১৩) বিপদাপদ কথা বলার সাথে সম্পৃক্ত (১৪) সবচেয়ে চক্ষুসমান ঐ ব্যক্তি যে নিজের দোষগুলোর প্রতি দৃষ্টি পাত করে (১৫) অবসর থাকা মৃতদের বৈশিষ্ট (১৬) কর্ম ব্যস্ততা জীবিতদের বিশেষত্ব (১৭) সৎকাজের পথ প্রদর্শক সেই কাজের কর্তার ন্যায় (১৮) কলম একটি বৃক্ষ সমতুল্য, অর্থসমূহ তার ফল।

শব্দার্থ ঃ

○ سَجِيَّةٌ ঃ সভাব, চরিত্র, বহুবচন سَجَايَا - ○ فَاضِلَةٌ উত্তম, উচ্চ মর্যাদা, ○ اَلْحَمِيَّة ঃ সংযম, ঘৃণা, মানুষত্যবোধ। ○ حِكْمَةٌ ঃ সুক্ষ দর্শন, প্রজ্ঞা। ○ شَرِيْفٌ ঃ ভদ্র, শরীফ। ○ شَرَفٌ ঃ ভদ্রতা, ○ فَضَائِلُ ঃ মর্যাদা, একবচন فَضِيْلَة - ○ اَلْحِلْمُ ঃ সহনশীলতা, সহিষ্ণুতা, ভদ্রতা, ধৈর্য, শিষ্টতা। ○ اَلْجِنْسُ ঃ শ্রেণী, জাতি, বংশ, লিঙ্গ। ○ اَلْكَرِيْمُ ঃ মহৎ, উদার, দানশীল, মহানুভব, বদান্য। ○ اَلْوَسَائِلُ ঃ وَسِيْلَةٌ এর বহুবচন। অর্থঃ উপায়, মাধ্যম। ○ وَسِيْلَةُ الْمُوَاصَلَاتِ ঃ যোগাযোগ ব্যবস্থা, ○ وَسِيْلَةُ النَّقْلِ ঃ পরিবহণ ব্যবস্থা। ○ مَزْرَعَةٌ ঃ ক্ষেত, খামার, ক্ষেত্র, । বহুবচন مَزَارِعُ । ○ حَرِيْصٌ ঃ লোভী, লিপ্সু, লোলুপ, আগ্রহী। বহুবচন اَحْرَاصٌ ○ اَلْاِحْسَانُ ঃ অনুগ্রহ, দান, বদান্যতা, কল্যাণ, পরোপকার। ○ اَلْبَلَاءُ ঃ বিপদ, দুর্যোগ, কষ্ট, পরীক্ষা। ○ اَلْاِشْتِغَالُ ঃ ব্যস্ততা, লিপ্ত থাকা, নিয়োজিত থাকা।

www.e-ilm.weebly.com

(١) كَمَا تَدِيْنُ تُدَانُ (٢) مَنْ صَبَرَ ظَفَرَ (٣) مَنْ ضَحِكَ ضُحِكَ
(٤) مَنْ جَدَّ وَجَدَ (٥) ثَمَرَةُ الْعُجْلَةِ النَّدَامَةُ (٦) سَيِّدُ الْقَوْمِ
خَادِمُهُمْ (٧) خَيْرُ الْأُمُوْرِ اَوْ سَطُهَا (٨) كُلُّ جَدِيْدٍ لَذِيْذٌ
(٩) رَأْسُ الْحِكْمَةِ مَخَافَةُ اللّٰهِ (١٠) زُرْغِبًّا تَزْدَدْ حُبًّا (١١) لَيْسَ
الْخَبَرُ كَالْمُعَايَنَةِ (١٢) حُبُّ الشَّئِى يُعْمِى وَيُصِمُّ (١٣) عِنْدَ الرِّهَانِ
تُعْرَفُ السَّوَابِقُ (١٤) قَصَصُ الْاَوَّلِيْنَ مَوَاعِظُ الْاٰخِرِيْنَ
(١٥) مَنْ لَا يَرْحَمُ لَا يُرْحَمُ (١٦) مَنْ لَمْ يَقْنَعْ لَمْ يَشْبَعْ (١٧) حُبُّ
الدُّنْيَا رَأْسُ كُلِّ خَطِيْئَةٍ (١٨) طُوْلُ التَّجَارِبِ زِيَادَةٌ فِى الْعَقْلِ ـ

